একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
**www.dpe.gov.bd**

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.৩৩.০৫১.১৭.২৪২৫ তারিখ: ০৪ পৌষ, ১৪২৬ / ১৯ ডিসেম্বর, ২০১৯

বিষয় : প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা-২০১৯ ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা-২০১৯ এ বহিস্কৃত পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।
সূত্র : মহামান্য হাইকোর্ট এর সুয়োমোটা রুল নং ০৯/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট এর আদেশ অনুযায়ী প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা-২০১৯ ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা-২০১৯ এ বহিস্কৃত সকল পরীক্ষার্থীর পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী গ্রহণ করা হবে।

| তারিখ ও দিন | প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা | | ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা | |
|---|---|---|---|---|
| | সকাল (সকাল ১০.০০-দুপুর-১২.৩০) | বিকাল (দুপুর ২.০০-বিকাল ৪.৩০) | সকাল (সকাল ১০.০০-দুপুর-১২.৩০) | বিকাল (দুপুর ২.০০-বিকাল ৪.৩০) |
| ২৪/১২/২০১৯ মঙ্গলবার | ইংরেজি | প্রাথমিক বিজ্ঞান | ইংরেজি | আরবি |
| ২৬/১২/২০১৯ বৃহস্পতিবার | বাংলা | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | বাংলা | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং বিজ্ঞান |
| ২৮/১২/২০১৯ শনিবার | গণিত | ধর্ম ও নৈতিক শিক্ষা | গণিত | কুরআন মাজিদ ও তাজবিদ এবং আকাইদ ও ফিকহ্ |

২। উপরোক্ত সময়সূচী অনুযায়ী সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়/নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে:

(১) পরীক্ষার্থী যে পরীক্ষায় বহিস্কৃত হয়েছে সেই পরীক্ষাসহ পরবর্তী সকল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে;
(২) পরীক্ষার্থী ইতোপূর্বে বহিস্কারের পূর্বে যে বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করেছে সেই বিষয়ের উত্তরপত্র যথানিয়মে মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মূল্যায়নকৃত সকল উত্তরপত্রের ফলাফল যথানিয়মে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইএমডিতে প্রেরণ নিশ্চিত করবে;
(৩) পরীক্ষা গ্রহণের লক্ষ্যে বিশেষ প্রক্রিয়ায় প্রশ্নপত্র প্রণয়ণ করতঃ যথাসময়ে সংশ্লিষ্ট জেলায় জেলা প্রশাসক বরাবর অনলাইনে প্রেরণ করা হবে;
(৪) উত্তরপত্র মূল্যায়নের জন্য উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসার সংশ্লিষ্ট পরীক্ষক সমন্বয়ে একটি পরীক্ষক প্যানেল তৈরি করবেন। উক্ত প্যানেল প্রতিদিনের পরীক্ষা সমাপ্ত হওয়ার পর ঐ দিনই উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবে এবং মূল্যায়নকৃত সকল উত্তরপত্রের ফলাফল যথানিয়মে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইএমডিতে প্রেরণ নিশ্চিত করবে;
(৫) বিশেষ চাহিদা সম্পন্ন পরীক্ষার্থীদের জন্য অতিরিক্ত ৩০ মিনিট সময় বরাদ্দ থাকবে;
(৬) আগামী ৩১/১২/২০১৯ তারিখের মধ্যে ফলাফল প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে।
(৭) পরীক্ষা গ্রহণের বিষয়টি বহুল প্রচারের জন্য সকল প্রধান শিক্ষককে অবহিত করতে হবে। প্রধান শিক্ষকগণ প্রয়োজনবোধে মোবাইলে পরীক্ষার্থীদের অভিভাবককে অবহিত করবেন।

৩। বিষয়টি অতীব জরুরী। এ বিষয়ে যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯/১২/১৯
মোঃ দেলোয়ার হোসেন
উপপরিচালক (সংস্থাপন)

প্রাপক,

১। জেলা প্রশাসক (সকল),
জেলা ................................................।

২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),
জেলা ................................................।

D:\দেলোয়ার স্যার\Expeld Exam_2019.docx

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.৩৩.০৫১.১৭.২৪২৫(১২৮) তারিখ: ০৪ পৌষ, ১৪২৬ / ১৯ ডিসেম্বর, ২০১৯

১। পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।

২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।

৫। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল).............................. বিভাগ।

৬। উপজেলা নির্বাহি অফিসার (সকল)................................. উপজেলা ............................ জেলা।

৭। উপজেলা শিক্ষা অফিসার (সকল)................................ উপজেলা ............................ জেলা।

৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।

৯। অফিস কপি।

মোঃ দেলোয়ার হোসেন
উপপরিচালক (সংস্থাপন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.০৩৩.০০৫.১৫-১৪২৪

তারিখ: ০৪ পৌষ, ১৪২৬।
১৯ ডিসেম্বর, ২০১৯।

বিষয় ঃ প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৯ ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৯ এর বহিস্কৃত পরীক্ষার্থীদের পরীক্ষার সময়সূচি।

সূত্র ঃ মহামান্য হাই কোর্ট ডিভিশনের SUO-MUTO RULE NO. 09 OF 2019.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৯' ও 'ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৯' এর বহিস্কৃত পরীক্ষার্থীদের পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

| তারিখ ও দিন | প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার বিষয় | | ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার বিষয় | |
|---|---|---|---|---|
| | সকাল (সকাল ১০.০০-দুপুর ১২.৩০) | বিকাল (দুপুর ২.০০-বিকাল ৪.৩০) | সকাল (সকাল ১০.০০-দুপুর ১২.৩০) | বিকাল (দুপুর ২.০০-বিকাল ৪.৩০) |
| ২৪.১২.২০১৯ মঙ্গলবার | ইংরেজি | প্রাথমিক বিজ্ঞান | ইংরেজি | আরবি |
| ২৬.১২.২০১৯ বৃহস্পতিবার | বাংলা | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | বাংলা | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং বিজ্ঞান |
| ২৮.১২.২০১৯ শনিবার | গণিত | ধর্ম ও নৈতিক শিক্ষা | গণিত | কুরআন মাজিদ ও তাজবিদ এবং আকাইদ ও ফিকহ্ |

২। বিশেষ চাহিদা সম্পন্ন পরীক্ষার্থীদের জন্য পরীক্ষার সময় অতিরিক্ত ৩০ (ত্রিশ) মিনিট বরাদ্দ থাকবে।
উক্ত সময়সূচি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ দেলোয়ার হোসেন
উপপরিচালক (সংস্থাপন)
ফোন : ০২-৫৫০৭৪৯২৩

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
জেলা.........................................

স্মারক নং: ৩৮.১০৭.০৩৩.০০.০০.০০৫.১৫-১৪২৪

তারিখ: ০৪ পৌষ, ১৪২৬।
১৯ ডিসেম্বর, ২০১৯।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার (সকল)................................বিভাগ।
৪। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল)......................................, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)................................................. ।
৮। উপপরিচালক, বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা।
৯। জনাব.........................................................................জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল)।
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/ চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
১২। অতিরিক্ত জেলা প্রশাসক, সাধারণ/ শিক্ষা ও আইসিটি (সকল),................................................................ ।
১৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),..............................................জেলা।
১৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)............................................................ ।
১৫। উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা (সকল)...................................................(ফটোকপি করে ইউএনও কে প্রদানের অনুরোধসহ)।
১৬। ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল)......................................... ।
১৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৮। অফিস কপি।

মোঃ দেলোয়ার হোসেন
উপপরিচালক (সংস্থাপন)